গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
স্পেশাল ব্রাঞ্চ, রাজারবাগ, ঢাকা।

## এসবি আদেশ নং-২১৭৭, তারিখ- ১৭/০৪/২০২৫ খ্রিঃ এর অনুলিপি

স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, ঢাকা হতে প্রেষণে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে কর্মরত কনস্টেবল/২৫৮৩ আল আমিন (বিপি-৮৮০৮১২৪৬৬৫) গত ০৪/০৫/২০০৮খ্রিঃ তারিখ বাংলাদেশ পুলিশ বাহিনীতে যোগদান করেন। তিনি পারিবারিক কারণে স্বেচ্ছায় আগামী ২১/০৪/২০২৫খ্রিঃ তারিখ হতে বাংলাদেশ পুলিশের কনস্টেবল পদের চাকুরী হতে অব্যাহতি চেয়ে বিশেষ পুলিশ সুপার(প্রশাসন), এসবি, ঢাকা বরাবরে আবেদন দাখিল করেন। তার চাকুরী হতে অব্যাহতির আবেদন পত্রটি উপ-পরিচালক(প্রশাসন), তদন্ত সংস্থা আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল বাংলাদেশ ঢাকা স্মারক নং-৪৪.০৯.০০০০.০০০. ০০৪.১১.০০২৯.২৫/১৬৬২, তারিখ-১০/০৪/২০২৫খ্রিঃ মূলে অত্রাফিসে প্রেরণ করেন।

পুলিশ আইন-১৮৬১ এর ৯ ধারা এবং পিআরবি-১৯৪৩ এর ৮৪০ প্রবিধান অনুযায়ী কোন পুলিশ অফিসারের চাকুরীতে ইস্তফা/পদত্যাগ করতে হলে সংশ্লিষ্ট অফিসারকে ০২ মাস পূর্বে কর্তৃপক্ষ বরাবরে পদত্যাগ পত্র দাখিল করার নির্দেশনা রয়েছে। আবেদনকারী ০৯/০৪/২০২৫খ্রিঃ তারিখে অর্থাৎ মাত্র ১১ দিন পূর্বে চাকুরী হতে অব্যাহতির জন্য আবেদন করেন।

এছাড়া এস্টাব্লিস্টমেন্ট ম্যানুয়েল (ভলিয়ম-১) এর "অবসর গ্রহণ চাকুরী অবসান ও অব্যাহতি" অধ্যায়ের ৫১(১) মোতাবেক "কোন কর্মচারী উপযুক্ত কর্তৃপক্ষের নিকট তাহার অভিপ্রায় উল্লেখপূর্বক তিন মাসের লিখিত পূর্ব-নোটিশ প্রদান না করিয়া তাহার চাকুরী ত্যাগ করিতে বা চাকুরী হইতে বিরত থাকিতে পারিবেন না, এবং ঐরূপ নোটিশ প্রদানে ব্যর্থতার ক্ষেত্রে তিনি তাঁহার তিন মাসের বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রদান করিতে বাধ্য থাকিবেন"।

তদপ্রেক্ষিতে কনস্টেবল/২৫৮৩ আল আমিন (বিপি-৮৮০৮১২৪৬৬৫) তার তিন মাসের বেতনের সমপরিমাণ ৫৭,৯৩০/-(সাতান্ন হাজার নয়শত ত্রিশ) টাকা ক্ষতিপূরণ হিসাবে সোনালী ব্যাংক, মালিবাগ শাখা ঢাকায় ট্রাকিং নম্বর-২৪২৫-০০২৯৭২১২২৭, তারিখ-১৫/০৪/২০২৫খ্রিঃ মূলে কোড নম্বর-১৪৩১১০১ এর মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করেন।

এমতাবস্থায় কনস্টেবল/২৫৮৩ আল আমিন (বিপি-৮৮০৮১২৪৬৬৫)'কে সরকারী কোষাগারে তার ০৩ মাসের বেতনের সমপরিমান টাকা জরিমানা প্রদান পূর্বক তার আবেদনের প্রেক্ষিতে ২১/০৪/২০২৫খ্রিঃ অপরাহ্ন হতে চাকুরী থেকে অব্যাহতি প্রদান করা হলো। অব্যাহতির তারিখ হতে তার পুলিশ বাহিনীর সার্বিক সুযোগ-সুবিধা, দায়িত্ব, কর্তব্য ও ক্ষমতা খর্ব করা হলো। তার নিকট সরকারী কোন মালামাল (যা ফেরৎযোগ্য) থাকলে তা ২১/০৪/২০২৫খ্রিঃ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের নিকট জমা করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

স্বাক্ষরিত/-
১৭/০৪/২৫খ্রিঃ
বিশেষ পুলিশ সুপার (প্রশাসন)
বিশেষ শাখা, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
ফোন-৪৪০৭০৩২৬, ফ্যাক্স-৪৪০৭০৩২৭।

স্মারক নং-৪৪.০১.০০০০.০৮৪.৯৯.০০৬.২৫. ৫৫৮/১(২২) তারিখ -২০/০৪/২০২৫খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১. অ্যাডিশনাল ডিআইজি (আরএন্ডসিপি-১), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
২. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৩. এআইজি(পার্সোনেল ম্যানেজমেন্ট-৩), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

CamScanner

৪. এআইজি(পিআইএমএস), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
৫. বিশেষ পুলিশ সুপার (অর্থ/টেকনিক্যাল), এসবি, ঢাকা।
৬. বিশেষ পুলিশ সুপার (আইসিটি), এসবি, ঢাকা। → বর্ণিত আদেশটি স্পেশাল ব্রাঞ্চ ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৭. পুলিশ সুপার, মাদারীপুর জেলা।
৮. উপ-পরিচালক (প্রশাসন), তদন্ত সংস্থা, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, বাংলাদেশ ঢাকা।
৯. স্টাফ অফিসার টু-এডিশনাল আইজি, এসবি ঢাকা- এডিশনাল আইজি, এসবি মহোদয়ের সদয় অবগতির জন্য।
১০. ব্যবস্থাপক, কমিউনিটি ব্যাংক বাংলাদেশ লিঃ, পুলিশ প্লাজা কনকর্ড (লেভেল-১০, টাওয়ার-২), প্লট-২, রোড-১৪৪,গুলশান-১, ঢাকা।
১১. ভারপ্রাপ্ত কর্মকর্তা, কালকিনি থানা, মাদারীপুর জেলা।
১২. আরআই, এসবি, ঢাকা।
১৩. ইনচার্জ (আইবাস++/রেশন স্টোর/কল্যাণ ও ক্যাশ/অস্ত্রাগার/ক্লোথিং স্টোর/ট্রান্সপোর্ট) এসবি, ঢাকা।
১৪. রিজার্ভ অফিসার (সকল)................................................ এসবি, ঢাকা।
১৫. হিসাব রক্ষক, এসবি, ঢাকা।
১৬. কনস্টেবল/২৫৮৩ আল আমিন (বিপি-৮৮০৮১২৪৬৬৫), পিতা-ইসহাক, গ্রাম-ধ্নজী, পোঃ আমিরিয়া গোপালপুর, থানা-কালকিনি, জেলা-মাদারীপুর।
১৭. অফিস নথি।

20.8.2025

বিশেষ পুলিশ সুপার(প্রশাসন)
(অ্যাডিশনাল ডিআইজি পদে পদোন্নতি প্রাপ্ত)
স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
ফোন-৪৪০৭০৩২৬, ফ্যাক্স-৪৪০৭০৩২৭।

CS CamScanner